CENTRAL LIBRARY N.C.COLLEGE



**TDC (CBCS) Even Semester Exam., 2022**

# BENGALI

## ( Honours )

**( 6th Semester )**

Course No. : BNGHCC–601T

**( প্রাচ্য সাহিত্যতত্ত্ব ও ছন্দ অলংকার )**

*পূর্ণমান* : ৭০

*উত্তীর্ণ মান* : ২৮

*সময়* : ৩ ঘণ্টা

*পার্শ্বস্থ সংখ্যা পূর্ণমান নির্দেশক*

## SECTION—A

যে-কোন দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

১। ‘ধ্বন্যালোক’ গ্রন্থের রচয়িতার নাম কী? এই গ্রন্থের টীকা কে রচনা করেন?

২। তোমার পঠিত ‘কাব্য জিজ্ঞাসা’ গ্রন্থটি কার লেখা? ‘সাহিত্যদর্পণ’-কার কে?

৩। ‘বিভাব’ কাকে বলে, সংজ্ঞা দাও।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



৪। রবীন্দ্রনাথের 'সাহিত্য' গ্রন্থরূপে প্রথম কত সালে প্রকাশিত হয়? এটি ছাড়া তাঁর রচিত অন্য একটি সাহিত্যতত্ত্ব-বিষয়ক গ্রন্থের নাম লেখো।

৫। 'সাহিত্যের তাৎপর্য' প্রবন্ধে বলা হয়েছে—'মেয়েদের কাজ হৃদয়ের কাজ'। মেয়েদের হৃদয়ের যে দুটি কাজের কথা বলা হয়েছে, সেগুলি কী কী?

৬। "Truth is beauty, beauty is truth." কোন্ কবি একথা বলেছেন? রবীন্দ্রনাথের মতে কোন্ দেবী একাধারে 'Truth' এবং 'Beauty'-র প্রতিমূর্তি?

৭। স্বরধ্বনি কাকে বলে?

৮। পর্ব কাকে বলে? একটি উদাহরণ দাও।

৯। পদ্যে একটি সুনির্দিষ্ট কালের ব্যবধানে যে উচ্চারণবিরতি তাকে কী বলে? তার প্রকারভেদ উল্লেখ করো।

১০। উদাহরণসহ বিরোধাভাস অলংকারের সংজ্ঞা দাও।

১১। উপমা অলংকারের কয়টি অঙ্গ? সেগুলি কী কী?

১২। অচেতনের উপর চেতনাযুক্ত প্রাণীর ব্যবহার আরোপিত হলে কী অলংকার হয়? একটি উদাহরণ দাও।

১৩। কোন্ ছন্দে পর্বের আদি অক্ষরে প্রবল প্রস্বর বা বল (tress accent) পড়ে? এই ছন্দের লয় কী?





১৪। মহাকাব্য, আখ্যানকাব্য ইত্যাদি কোন্ ছন্দে লিখিত? এই ছন্দের একক রুদ্ধ অক্ষর কয় মাত্রা হিসেবে বিবেচিত?

১৫। 'বাংলা ছন্দের মূলসূত্র' গ্রন্থটির লেখক কে? কোন্ ছন্দকে মধুসূদন অমিত্রাক্ষর ছন্দে রূপান্তরিত করেছিলেন?

## SECTION—B

যে-কোন পাঁচটি প্রশ্নের উত্তর দাও : ১০×৫=৫০

১৬। 'কাব্যস্যাত্মা ধ্বনি' উক্তিটির আলোকে কাব্যরস আস্বাদনে 'ধ্বনি'-র গুরুত্ব আলোচনা করো।

১৭। "কাব্য যে মানুষের উপাদেয়, সে এই অলংকারের জন্য। 'কাব্যং গ্রাহ্যমলংকারাৎ'।" এই অভিমতের স্বপক্ষে আলংকারিকরা যেসব যুক্তি দিয়েছেন তার সংক্ষিপ্ত পরিচয় দাও।

১৮। রবীন্দ্রনাথ বলেছেন—"জ্ঞানের কথাকে প্রমাণ করিতে হয়, আর ভাবের কথাকে সঞ্চার করিয়া দিতে হয়। তাহার জন্য নানা প্রকার আভাস-ইঙ্গিত, নানা প্রকার ছলাকলার দরকার হয়। তাহাকে কেবল বুঝাইয়া বলিলেই হয় না, তাহাকে সৃষ্টি করিয়া তুলিতে হয়।" তোমার পঠিত 'সাহিত্যের সামগ্রী' পাঠ অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

১৯। তোমার পঠিত 'সাহিত্য' গ্রন্থের যে-কোন একটি প্রবন্ধ অবলম্বনে রবীন্দ্রনাথের সাহিত্যতত্ত্বমূলক ভাবনার যে-কোন একটি দিকের সংক্ষিপ্ত রূপরেখা অঙ্কন করো।

CENTRAL LIBRARY N.C.COLLEGE



২০। উদাহরণসহ তানপ্রধান ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি আলোচনা করো।

২১। শ্বাসাঘাত-প্রধান ছন্দ কাকে বলে? উদাহরণসহ এই ছন্দের বৈশিষ্ট্যগুলি লেখো।

২২। উদাহরণসহ যে-কোন দুটি অলংকারের প্রকারভেদ নিয়ে আলোচনা করো :

শ্লেষ ; যমক ; রূপক।

২৩। যে-কোন দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা লেখো :

অতিশয়োক্তি ; ব্যাজস্তুতি ; বক্রোক্তি।

২৪। ছন্দলিপি প্রস্তুত করো (যে-কোন দুটি) :

(ক) ‘‘হেড অফিসের বড়বাবু লোকটি বড় শান্ত,
তার যে এমন মাথার ব্যামো কেউ কখনো জানত?’’

(খ) ‘‘পঞ্চশরে দগ্ধ করে করেছ এ কী সন্ন্যাসী,
বিশ্বময় দিয়েছ তারে ছড়ায়ে!
ব্যাকুলতর বেদনা তার বাতাসে উঠে নিশ্বাসি,
অশ্রু তার আকাশে পড়ে গড়ায়ে।’’

(গ) ‘‘এনেছিলে সাথে করে মৃত্যুহীন প্রাণ
মরণে তাহাই তুমি করে গেলে দান।’’

(ঘ) ‘‘অহিরাবণ, মহীরাবণ সকল রাবণ মরে
রাবণ রাজার বুকে যেন মন্ত ভাঙন ধরে।’’





(ঙ) ‘‘কাআ তরুবর পঞ্চ বি ডাল।
চঞ্চল চীএ পইঠো কাল॥’’

২৫। ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো (যে-কোন দুটি) :

(ক) ‘‘আনিয়াছি ছুরি তীক্ষ্ণদীপ্ত প্রভাতরশ্মিসম।’’

(খ) ‘‘বাজে পূরবীর ছন্দে রবির শেষ রাগিনীর বীণ।’’

(গ) ‘‘বসুন্ধরা, দিবসের কর্ম অবসানে,
দিনান্তের বেড়াটি ধরিয়া, আছে চাহি
দিগন্তের পানে।’’

(ঘ) ‘‘কি সুন্দর মালা আজি পরিয়াছ গলে, প্রচেতঃ!’’

(ঙ) ‘‘ধরণী এগিয়ে আসে দেয় উপহার ;
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।’’

***



2022/TDC (CBCS)/EVEN/SEM/
BNGHCC–601T/022